DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 15 Aug 2026, 10:50 PM

প্রবাস

# মালয়েশিয়া-থাইল্যান্ড সীমান্তে ছয় মাসে আটক ৭৩ বাংলাদেশি

প্রতিবেদক: প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: সোমবার, ২০ জুলাই ২০২৬, ১১:২৭ AM



সংগৃহীত ছবি

চলতি বছরের প্রথম ছয় মাসে মালয়েশিয়া-থাইল্যান্ড সীমান্ত এলাকায় পরিচালিত বিশেষ অভিযানে ৬৪১ অবৈধ অভিবাসীকে আটক করেছে দেশটির জেনারেল অপারেশনস ফোর্সের (জিওএফ) সাউথইস্ট ব্রিগেড।

রবিবার (১৯ জুলাই) বার্নামার এক প্রতিবেদনে জানানো হয়, অপ তারিং ওয়াওয়াসান কেলান্তান অভিযানের আওতায় জানুয়ারি থেকে জুন পর্যন্ত এসব অভিবাসীকে আটক করা হয়।

জিওএফ সাউথইস্ট ব্রিগেডের কমান্ডার সিনিয়র অ্যাসিস্ট্যান্ট কমিশনার (এসএসি) আহমাদ রাদজি হুসেইন জানান, আটক ব্যক্তিদের মধ্যে ৫০৭ জন পুরুষ এবং ১৩৪ জন নারী রয়েছেন। তারা ১০টি দেশের নাগরিক।

আটকদের মধ্যে সবচেয়ে বেশি রয়েছেন মিয়ানমারের নাগরিক। তাদের সংখ্যা ৪২৮ জন, যার মধ্যে ৩২২ জন পুরুষ এবং ১০৬ জন নারী।

এছাড়া আটক হয়েছেন ৭৩ জন বাংলাদেশি, ৩৯ জন ইন্দোনেশিয়ান, ৩৮ জন থাই, ২১ জন চীনা, ১৯ জন ভারতীয়, ১৬ জন নেপালি, চারজন ভিয়েতনামি, দুজন পাকিস্তানি এবং একজন নাইজেরীয় নাগরিক।

আহমাদ রাদজি বলেন, সীমান্তবর্তী ঝুঁকিপূর্ণ প্রবেশপথ দিয়ে অনুপ্রবেশ ঠেকাতে ধারাবাহিক গোয়েন্দা নজরদারি ও অভিযান পরিচালনার ফলেই এই সাফল্য এসেছে।

তিনি জানান, মানবপাচারকারী চক্রগুলো সাধারণত দুই থেকে তিনজনের ছোট ছোট দলে অভিবাসীদের সীমান্ত পার করার চেষ্টা করে। তবে জিওএফ সদস্যদের সতর্ক নজরদারির কারণে তাদের গতিবিধি শনাক্ত করা সম্ভব হচ্ছে।

তিনি আরও জানান, দায়িত্বে থাকা সদস্যরা সন্দেহভাজন ব্যক্তিদের তাৎক্ষণিকভাবে আটক করে প্রয়োজনীয় তদন্ত পরিচালনা করেন। ছোট দলে চলাচল করলেও তাদের উপস্থিতি শনাক্ত করা সম্ভব হচ্ছে।

---

## এ বিভাগের আরও খবর




**কুয়েতে ভারতীয় চালকের বাস চাপায় বাংলাদেশি চালক নিহত**

কুয়েতের জিলিব আল শুয়ুখে দুই বাসের চাপায় পড়ে এক বাংলাদেশি বাস চালক নিহত হয়েছেন। গতকাল শুক্রবার (১৪ আগস্ট) এ ঘটনা ঘটে। আর তাকে চাপা দেওয়া বাসট...




**বিএনপি করা শরীফের কানাডা যুবলীগে পদ দখলের চেষ্টা!**

কানাডার মন্ট্রিয়লে বসবাসকারী শরীফ উল্লাহর বিরুদ্ধে অতীতে বিএনপি-জামায়াতের রাজনীতির সঙ্গে সম্পৃক্ত থাকার পর এখন কানাডা যুবলীগের সভাপতির পদ পে...



### গ্রিসে উদ্ধার ২০২ অভিবাসী, বেশির ভাগ বাংলাদেশি ও সুদানি

গ্রিসের দক্ষিণাঞ্চলীয় ক্রিট দ্বীপে অভিবাসীদের আসা অব্যাহত রয়েছে। বৃহস্পতিবার কয়েকটি নৌযানে করে অন্তত ২০২ জন অভিবাসী দ্বীপটিতে পৌঁছেছেন।তাদের...

---




### জুলাই বিপ্লবের দ্বিতীয় বার্ষিকী উপলক্ষে নিউইয়র্কে অনুষ্ঠান

আন্তর্জাতিক সংহতি এবং গণতান্ত্রিক চেতনার আলোকে বাংলাদেশের ঐতিহাসিক জুলাই বিপ্লবের দ্বিতীয় বার্ষিকী উপলক্ষে প্যাট্রিয়টস অব বাংলাদেশ এবং বাং...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/probash/malyeshiya-thailjand-simante-chhy-mase-atk-73-bangladeshi